
# মধ্যবিত্তের সঞ্চয় কৌশল

আয় > ব্যয় = সঞ্চয়




মুহাম্মদ ইয়াছিন নূর

# মধ্যবিত্তের সঞ্চয় কৌশল

**মুহাম্মদ ইয়াছিন নূর**
**অর্থনৈতিক বিশ্লেষক, লেখক ও শিক্ষক**
অনার্স (প্রাণিবিজ্ঞান), মাস্টার্স (মৎস্যবিজ্ঞান)
সি.সি (অর্থনীতি)

**'মধ্যবিত্তের সঞ্চয় কৌশল'** বইটি মধ্যবিত্ত জীবনের বাস্তবতা, সীমাবদ্ধতা ও সম্ভাবনাকে কেন্দ্র করে রচিত একটি সময়োপযোগী সঞ্চয় নির্দেশিকা।

চাকরিজীবী, ব্যবসায়ী কিংবা উদ্যোক্তা - মধ্যবিত্ত শ্রেণির সকলের জন্য এই বইটি সহায়ক ও প্রাসঙ্গিক।

BOOKMAN
www.bookmanbd.com

# মুখবন্ধ

‘মধ্যবিত্তের সঞ্চয় কৌশল’ বইটি একটি নির্দিষ্ট শ্রেণি ‘মধ্যবিত্ত’-কে লক্ষ্য করে লেখা, যাদের আর্থিক সুরক্ষা প্রয়োজন কিন্তু অধিকাংশ সময় তারা উপযুক্ত দিকনির্দেশনার অভাবে সঞ্চয়ে ব্যর্থ হন – আর্থিক সুরক্ষা হারান। যারা স্বপ্ন দেখেন একটি সুরক্ষিত ভবিষ্যতের, কিন্তু জানেন না কোন পথ ধরে হাঁটবেন।

বইটিতে সহজ ভাষায় ব্যাখ্যা করা হয়েছে – কীভাবে একজন মধ্যবিত্ত ব্যক্তি আয় ও ব্যয়ে ভারসাম্য রেখে ধাপে ধাপে ‘সঞ্চয়’ গড়ে তুলতে পারেন। বইটিতে আরো রয়েছে কার্যকর পরামর্শ, পর্যায়ভিত্তিক পরিকল্পনা এবং কৌশলের মাধ্যমে সঞ্চয়কে একটি অভ্যাসে পরিণত করার দিকনির্দেশনা।

বইটি নিশ্চয়ই পাঠকের আর্থিক সচেতনতা বাড়াবে, সঞ্চয়ের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি তৈরি করবে এবং ব্যক্তিগত জীবনে আত্মনির্ভরশীল ভবিষ্যতের পথে – আর্থিক সমৃদ্ধির পথ প্রদর্শক হিসেবে ভূমিকা রাখবে।

এই বই শুধু পড়ার জন্য নয় – প্রয়োগের জন্য!

**–মুহাম্মদ ইয়াছিন নূর**

# সূচিপত্র

**অধ্যায় ১: কেন সঞ্চয় করবেন**


- সঞ্চয় কী ১১
- মধ্যবিত্তের জন্য সঞ্চয় কতটা জরুরি ১১
- দারিদ্র্যের দুষ্টচক্র থেকে মুক্তির প্রথম ধাপ – সঞ্চয় ১২
- আকস্মিক ব্যয়ের প্রস্তুতি হিসেবে সঞ্চয় ১৩
- ঋণমুক্ত জীবনযাপনের জন্য সঞ্চয় ১৪
- ভবিষ্যতের লক্ষ্য পূরণে সঞ্চয় ১৫
- আর্থিক নিরাপত্তা ও স্বাধীনতা অর্জনে সঞ্চয় ১৫
- অবসরকালীন নিরাপত্তার জন্য সঞ্চয় ১৭
- ক্ষুদ্র সঞ্চয়-ই একসময় বড় সুযোগ তৈরি করে ২০
- সরকারি চাকুরিজীবীরা পেনশন পাবে, আপনি কি পাবেন? ২৫
- সঞ্চিত অর্থ আপনাকে প্রয়োজনীয় বস্তু ও সেবা ক্রয়ের সক্ষমতা দিবে ২৬
- অর্থ অনর্থের মূল নয়, অর্থ অনেক সার্থক কাজের চাবিকাঠি ২৯


**অধ্যায় ২: কীভাবে সঞ্চয় করবেন**


- সঞ্চয়ের জন্য দৃঢ় লক্ষ্য ও পরিকল্পনা ঠিক করতে হবে ৩১
- শুধু পরিকল্পনা নয় – কৌশল করুন ৩১
- মাসের শুরুতেই নিয়মিত আয়ের একটি নির্দিষ্ট অংশ সঞ্চয় করা ৩২
- সঞ্চয়ের জন্য ছোট ছোট লক্ষ্য নির্ধারণ করুন ৩৫
- অপ্রয়োজনীয় খরচ চিহ্নিত করুন ও কমিয়ে ফেলুন ৩৭
- নিজের আয়ের সাথে সংগতিপূর্ণ লাইফস্টাইল রাখুন ৩৭
- মাসিক খরচের তালিকা করুন, সঞ্চয়ের হিসাব পাবেন ৪১
- আগে সঞ্চয় করে পরে বড় খরচের প্রস্তুতি নিন ৪৫
- ক্রেডিট কার্ড: সুবিধার আড়ালে বড় ফাঁদ ৪৬
- এমন শখ পূরণ করুন যা আপনার হিসাবের মধ্য থেকেই সম্ভব ৫১
- উপহার প্রদানে সক্ষমতার মধ্যে থাকুন ৫২
- কখনো মুদি দোকানে বাকি খাবেন না ৫৩
- আয় বাড়ানোর সুযোগ খুঁজুন, সঞ্চয়ের দুয়ার খুলুন ৫৩
- সঞ্চয়ের সময় 'পরে' নয়, 'এখনই' ৬১

**অধ্যায় ৩: আয়ের কত অংশ সঞ্চয় করবেন**


- কত দিয়ে আপনি সঞ্চয় শুরু করবেন? ৬৪
- কোন বয়স থেকে সঞ্চয় শুরু করবেন? ৬৪
- ২৫ থেকে ৪০ বছর বয়সটি আর্থিক বিবেচনায় সবচেয়ে গুরুত্বপূর্ণ ৬৫
- আয় যত কমই হোক – সঞ্চয় জরুরি ৬৬
- স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি লক্ষ্য নির্ধারণ করুন ৬৬
- ৫০-৩০-২০ রুল: আয় বণ্টনের সহজ ও স্মার্ট কৌশল ৬৭
- ৫০-৩০-২০ নয়; আপনার জন্য আরও ভালো ৫০-২০-৩০ মডেল ৬৮
- SAVE মডেল: মধ্যবিত্তের অন্যতম সঞ্চয় কৌশল ৬৯
- প্রাত্যহিক জীবনযাত্রার খরচ আয়ের ৬০% এর মধ্যে সীমাবদ্ধ রাখুন ৭০
- আয়ের সাথে খরচও বাড়ছে – তাহলে সঞ্চয় কোথায়? ৭১
- অতিরিক্ত আয় মানেই অতিরিক্ত খরচ নয়, হোক অতিরিক্ত সঞ্চয় ৭২
- জরুরি মুহূর্তের জন্য আয়ের ৫% ইমার্জেন্সি ফান্ডে রাখুন ৭৩
- কখন বুঝবেন আপনার সঞ্চিত অর্থ যথেষ্ট ৭৪
- সঞ্চয়ের শুরুতে মনে হবে সামান্য, একসময় এই সামান্য অর্থই বৃহৎ রূপ নেবে ৭৫


**অধ্যায় ৪: সঞ্চিত অর্থ কোথায় কীভাবে বিনিয়োগ করবেন**


- বিনিয়োগ কী ৭৭
- সঞ্চয়ের পর বিনিয়োগ জরুরি ৭৮
- কতো দিয়ে আপনি বিনিয়োগ শুরু করবেন ৭৯
- কোন বয়স থেকে বিনিয়োগ শুরু করবেন ৭৯
- মধ্যবিত্তের বিনিয়োগের খাতসমূহ ৮১
- ঝুঁকি বুঝে বিনিয়োগ করুন ১০৯
- বিনিয়োগের শুরুতে অধিক ঝুঁকি না নেওয়াই ভালো ১১০
- কখন স্বল্পমেয়াদি আর কখন দীর্ঘমেয়াদি বিনিয়োগ করবেন ১১২
- বিনিয়োগ এক জায়গায় না রেখে ভিন্ন ভিন্ন খাতে করুন ১১৪
- প্যাসিভ ইনকাম তৈরি করুন ১১৪
- আত্মউন্নয়নে বিনিয়োগ করুন, এটিও অন্যতম বিনিয়োগ ১১৫
- সন্তানের উপর বিনিয়োগ – শ্রেষ্ঠ বিনিয়োগ ১১৬
- বিনিয়োগের ব্যাপারে আপনার পার্টনারের সাথে আলোচনা করুন ১১৮
- নিজের সঞ্চয় ও সম্পদ নিজের দখলে রাখুন ১২০

# অধ্যায় ১
# কেন সঞ্চয় করবেন

# সঞ্চয় কী

সঞ্চয় হলো ভবিষ্যতের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিয়মিত আয়ের একটি নির্দিষ্ট অংশ ব্যয় না করে সংরক্ষণ করা। এটি একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক অভ্যাস, যা সঞ্চয়কারী ব্যক্তিকে ভবিষ্যতে সকল ধরনের আর্থিক স্থিতিশীলতা প্রদান করে।

সঞ্চয় মানে আয়কে সুব্যবস্থাপনার মাধ্যমে – ভবিষ্যতের নিরাপত্তা, স্বচ্ছলতা ও লক্ষ্য পূরণের জন্য প্রয়োজনীয় আর্থিক প্রস্তুতি নেওয়া। প্রত্যেকের উচিত সচেতনভাবে পরিকল্পনা করে সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা। অল্প আয়েও যদি নিয়ম মেনে চলা যায়, তাহলে ধীরে ধীরে সঞ্চয় করার মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন সম্ভব।

*‘সঞ্চয় করুন, সুদিনের প্রস্তুতি নিন’*

# মধ্যবিত্তের জন্য সঞ্চয় কতটা জরুরি

মধ্যবিত্তের জন্য সঞ্চয় অধিকতর জরুরি, কেননা মধ্যবিত্ত জীবনের বাস্তবতা খুবই জটিল। সীমিত আয়, সীমাহীন চাহিদা, সামাজিক দায়, পারিবারিক দায়িত্ব, ভবিষ্যতের অনিশ্চয়তা – এই সব কিছুর মধ্যেই মধ্যবিত্তকে সামঞ্জস্য রেখে চলতে হয়। এই অবস্থায় সঞ্চয় একটি নিঃশব্দ শক্তি, যা মধ্যবিত্ত পরিবারকে দেয় নির্ভরতার ভিত ও মানসিক স্বস্তি।

উচ্চবিত্তদের দৈনন্দিন জীবনযাত্রায় কিংবা অনাকাঙ্ক্ষিত ব্যয়ে তেমন কোনো অর্থনৈতিক বেগ পেতে হয় না। কিন্তু মধ্যবিত্ত শ্রেণি হিসাব ও পরিকল্পনা নির্ভর না হলে অনাকাঙ্ক্ষিত/আকস্মিক ব্যয়ের সময় অর্থনৈতিক জটিলতায়/অভাবে পড়তে হয়।

ধনীদের মতো অতিরিক্ত আয় কিংবা দরিদ্রদের মতো সাহায্যের হাত

পাতার সুযোগ না থাকায় – মধ্যবিত্তদের নিয়মিত আয়ের একটি অংশ সঞ্চয় করতে হবে। এই সঞ্চয় ভবিষ্যতের অনিশ্চয়তা মোকাবেলায় ঢাল হিসেবে কাজ করবে।

মনে রাখতে হবে, ছোট ছোট সঞ্চয়-ই একদিন অনেক বড় নিরাপত্তা হয়ে দাঁড়াবে। তাই সঞ্চয় করা উচিত – নিজের জন্য, পরিবারের জন্য, ভবিষ্যতের আর্থিক নিরাপত্তার জন্য।

## দারিদ্র্যের দুষ্টচক্র থেকে মুক্তি ও অর্থনৈতিক সমৃদ্ধির প্রথম ধাপ – সঞ্চয়

দারিদ্র্য একটি সামাজিক ও অর্থনৈতিক ব্যাধি যা ব্যক্তি, পরিবার ও জাতিকে দীর্ঘমেয়াদে পিছিয়ে রাখে। আয় কম, খরচ বেশি – এই পরিস্থিতি চলতে থাকলে মানুষ দারিদ্র্যের দুষ্টচক্রে আটকে যায়। দারিদ্র্যের এই দুষ্টচক্র এমন এক বাস্তবতা, যেখানে একবার জড়িয়ে পড়লে সেখান থেকে মুক্তি পাওয়া কঠিন হয়ে পড়ে। এই চক্র ভাঙার অন্যতম কার্যকর উপায় হলো – 'সঞ্চয়'।

অর্থাৎ, আয়ের একটি অংশ ভবিষ্যতের প্রয়োজনে রেখে দেওয়া। নিয়মিত সঞ্চয় করলে জরুরি সময়ে আর্থিক চিন্তা কমে, ধার/লোন নেওয়া লাগে না বরং সঞ্চয়ের টাকায় ব্যবসা বা বিনিয়োগের মাধ্যমে অধিক উপার্জনের সুযোগও তৈরি হয়। তাই নিয়মিত সঞ্চয় করা-ই হলো মধ্যবিত্তের অর্থনৈতিক উন্নতির প্রথম ধাপ।

*'সঞ্চয়ই সমৃদ্ধির সূচনা–*
*সঞ্চয় করুন, সমৃদ্ধির পথে চলুন'*

# SAVE মডেল

**S** — **Set Goals & Start Small**
লক্ষ্য নির্ধারণ করুন এবং ছোট করে শুরু করুন

**A** — **Avoid Unnecessary Expenses**
অপ্রয়োজনীয় খরচ এড়িয়ে চলুন

**V** — **Value Every Taka & Make A Monthly Budget**
প্রতিটি টাকার মূল্য দিন এবং মাসিক বাজেট করুন

**E** — **Expand Your Income**
আপনার আয় বৃদ্ধি করুন

**SAVE মডেল—একটি কাঠামোবদ্ধ অর্থ-পরিচালনা পদ্ধতি, যা মধ্যবিত্তের সঞ্চয়ের অন্যতম ভিত্তি!**

BOOKMAN
www.bookmanbd.com

মধ্যবিত্তের সঞ্চয় কৌশল | মুহাম্মদ ইয়াছিন নূর
BOOKMAN